ইত্তেফাক

489

তারিখ ২৪।৩।৮৩
পৃষ্ঠা ২ কলাম ৭

169

# শিক্ষা মন্ত্রণালয় সমীপে

বাংলাদেশ স্বাধীনতা লাভ করার পর ১৯৭৩ সনে দেশের সমস্ত প্রাথমিক বিদ্যালয়কে সরকারীকরণ করা হয়। সরকারীকরণ করার পর শিক্ষা মন্ত্রণালয়ের এক নির্দেশে অবসরপ্রাপ্ত শিক্ষকদেরকে আনুতোষিকভাতা প্রদান প্রসঙ্গে বলা হয়, আগামী ১৯৮৩ সন হইতে অর্থাৎ সরকারী হিসাবে যাহাদের চাকুরীকাল ১০ বৎসর পূর্ণ হইবার পর অবসর গ্রহণ করিবেন তাহাদিগকে পেনশন দেওয়া হইবে। তৎপূর্বে ১৯৭৮ সনের জুন মাস পর্যন্ত যাঁহারা অবসর গ্রহণ করিবেন তাঁহাদিগকে পূর্বের নিয়মানুযায়ী ২৪ মাসের গ্রাচুইটি প্রদান করা হইবে এবং সেই নিয়মানুযায়ী প্রদানও করা হইয়াছে। কিন্তু ১৯৭৮ সনের জুন মাসের পর হইতে ১৯৮৩ সনের পূর্ব পর্যন্ত সময়ের মধ্যে যাঁহারা অবসর গ্রহণ করিয়াছেন ও করিবেন তাঁহাদের সম্বন্ধে ঐ সময় কোন সিদ্ধান্ত লওয়া হয় নাই।

কিছুদিন পর বেড়া ও সাথিয়া থানার ১৯৭৮ সনের পর অবসরপ্রাপ্ত শিক্ষকদেরকে দেওয়া এক নির্দেশে জানান হইয়াছে যে, সরকারী হিসাবে অর্থাৎ ১৯৭৩ সাল হইতে অবসর গ্রহণের সময় পর্যন্ত যে কয়েক বৎসর তাহাদের চাকুরীকাল হইবে সেই কয়েক মাসের গ্রাচুইটি আপাততঃ গ্রহণ করিতে হইবে। যাহার পরিমাণ ১৯৭৩ সন হইতে ১৯৮৩ সন পর্যন্ত চাকুরীকাল অনুযায়ী এক হইতে নয় মাসের গ্রাচুইটি। কিন্তু ১৯৭৮ সনের জুন মাসের পর যে সকল শিক্ষক অবসর গ্রহণ করিয়াছেন তাঁহাদের অধিকাংশেরই চাকুরীকাল ৪০/৪৫ বৎসর। এই সুদীর্ঘকাল চাকুরী করার পর যেখানে ইতিপূর্বে নিয়ম ছিল চব্বিশ মাসের গ্রাচুইটি প্রদানের এখন সেখানে এক বা নয় মাসের গ্রাচুইটি নিয়া শিক্ষকগণ কিভাবে জীবিকা নির্বাহ করিবেন? এজন্য অত্র এলাকার শিক্ষকগণের কেউই উক্ত গ্রাচুইটি গ্রহণ করেন নাই। ১৯৭৮ সনের পর আজ তিন বৎসর অতীত হইতে চলিল, কিন্তু এই ভাগ্যহীন শিক্ষকদের ভাগ্য আজও নির্ধারিত হইল না। সারাজীবন শিক্ষাদানের পর বৃদ্ধ বয়সে উপার্জনহীন অবস্থায় এখন পরিবারবর্গ নিয়া অনাহারে-অর্ধাহারে দিনাতিপাত করিতে হইতেছে প্রাথমিক বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষকদের--এর চাইতে মর্মান্তিক আর কি হইতে পারে জানি না।

শিক্ষা মন্ত্রণালয়ের নিকট বেড়া ও সাথিয়া থানার অবসরপ্রাপ্ত প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের পক্ষ হইতে আকুল আবেদন, অতিশীঘ্র আমাদেরকে অবসর জীবনের একমাত্র সম্বল আনুতোষিকভাতা প্রদান করিয়া পরিবারবর্গসহ দুইবেলা দুই মুঠো অন্ন সংস্থানের সুযোগ দেওয়া হউক।

—মোঃ আবু তালেব, প্রাক্তন প্রধান শিক্ষক, চর সাড়াশিয়া সরকারী প্রাথমিক বিদ্যালয়, বেড়া, পাবনা।